

খুলনা বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন স্থগিত

নিজস্ব প্রতিবেদক, খুলনা >

খুলনা বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। আগামী ৪ মার্চ এ সমাবর্তন হওয়ার কথা ছিল। রাষ্ট্রপতির কার্যালয় থেকে রাষ্ট্রপতির সহকারী একান্ত সচিব-১ ও জ্যেষ্ঠ সহকারী সচিব জালাতুন নাঈম স্বাক্ষরিত এক ফ্যায় বার্তায় সমাবর্তন স্থগিতের এ তথ্য জানানো হয়। বার্তাটি গতকাল মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ে পৌঁছে।

খুলনা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের উপ-পরিচালক আতিয়ার রহমান জানান, গতকাল বিকেল ৪টায় বিশ্ববিদ্যালয়ের পঞ্চম সমাবর্তন-সংক্রান্ত স্টিয়ারিং কমিটির এক জরুরি সভা উপাচার্য মোহাম্মদ ফায়েক উজ্জমানের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়।